

## কৃতজ্ঞতা স্বীকার


সি.পি.আই. (এম)-এর নেতৃত্বাধীন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ৩০ দশকেরও বেশী সময় ধরে (১৯৭৭-) ক্ষমতায় অধিষ্ঠিত রয়েছে। এর পেছনে পার্টির মজবুত সংগঠন ছাড়াও এই দলের বিভিন্ন গণসংগঠনের ভূমিকা যে নিশ্চিতভাবেই রয়েছে, তা বলাই বাহুল্য। কিন্তু বারংবার যে- প্রশ্নটি আমার মনে জাগ্রত হয়েছে, তা হলো— এইসব সংগঠনের মধ্যে ছাত্র-সংগঠন, অর্থাৎ এস. এফ. আই.-এর ভূমিকা কতখানি রয়েছে? এই প্রশ্নের উত্তর খোঁজার জন্য বিগত কয়েক বছর ধরে আমি গবেষণায় লিপ্ত হই। আর, তারই ফসল হলো এই গবেষণাপত্রটি।

যাঁদের ঐকান্তিক সাহায্য, সহযোগিতা ও অনুপ্রেরণায় আমি এই গবেষণাকার্যে ব্রতী হয়েছিলাম, তাঁদের মধ্যে প্রথমেই সশ্রদ্ধ চিন্তে স্মরণ করছি আমার জন্মদাত্রী প্রয়াতা প্রভাবতী রেজ ও জন্মদাতা প্রয়াত উপানন্দ রেজ। তাছাড়া, আমার বৌদি জবা প্রামাণিকের নিরন্তর উৎসাহ, অনুপ্রেরণা ও সহযোগিতা ছাড়া এই কাজে আত্মনিয়োগ করা হয়তো আমার পক্ষে সম্ভব হতো না। কৃতজ্ঞতা জানাই আমার শিক্ষক অধ্যাপক নিমাই প্রামাণিককে। তিনি একদিকে যেমন আমার গবেষণাপত্রের তত্ত্বাবধায়ক হিসেবে গুরুদায়িত্ব পালন করেছেন, অন্যদিকে তেমনি অগ্রজ হিসেবে আমার দায়িত্বভার যথেষ্ট পরিমাণে লাঘব করেছেন।

আমি বিশেষভাবে কৃতজ্ঞ সেইসব সাধারণ ছাত্র-ছাত্রী ও ছাত্র-নেতৃবৃন্দের কাছে, যারা তাঁদের অমূল্য সময় নষ্ট করে আমাকে সাক্ষাৎকার প্রদান করেছেন। তাছাড়া, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য এবং তাঁর মন্ত্রিসভার সদস্য নিরুপম সেন, সুভাষ চক্রবর্তী, মানবেন্দ্রনাথ মুখোপাধ্যায়, শ্যামল চক্রবর্তী, বংশগোপাল চৌধুরী প্রমুখের কাছে আমি অপরিশোধ্য ঋণে আবদ্ধ। আমাকে বহু দুঃস্থাপ্য ও মূল্যবান দলিলপত্রাদি দিয়ে বিশেষভাবে সাহায্য করেছেন অরিন্দম কোণার, আভাস রায়চৌধুরী ও অধ্যাপক জ্যোতির্ময় ভট্টাচার্য্য। সেজন্য এঁদের কাছে আমি চিরঋণী। আবার, সি.পি.আই. (এম)-এর পশ্চিমবঙ্গের রাজ্য সম্পাদক বিমান বসু, সি.পি.আই.-নেতা গুরুদাস দাশগুপ্ত, পি.ডি.এস.-নেতা সৈফুদ্দিন চৌধুরী, সি.পি.আই. (এম.এল.)-নেতা অসীম চ্যাটার্জী প্রমুখ আমাকে সাক্ষাৎকার দানের মাধ্যমে বিশেষভাবে সাহায্য ও সহযোগিতা করেছেন। সেজন্য আমি তাঁদের সকলের কাছে চিরঋণী।

আমার এই গবেষণাপত্রটি কম্পোজ করার গুরুদায়িত্ব নিজেদের কাঁধে তুলে নিয়ে আমাকে কৃতজ্ঞতাপাশে বিশেষভাবে আবদ্ধ করেছেন অর্ধ্য কর্মকার ও অরুণাংশু চক্রবর্তী। এঁদের ঐকান্তিক সহযোগিতা ছাড়া এই দুরূহ কার্য আমার পক্ষে সম্পূর্ণ করা হইতো সম্ভব ছিল না।

পরিশেষে আমি কৃতজ্ঞতা জানাই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার, পশ্চিমবঙ্গের জাতীয় গ্রন্থাগার, সি.পি.আই. (এম)-এর বর্ধমান জেলা পার্টি অফিসের গ্রন্থাগার, নতুন চিঠির গ্রন্থাগার প্রভৃতির কর্মীবন্ধুদের। এঁদের অকুপণ সাহায্য ও সহযোগিতা ছাড়া আমার গবেষণার কাজ সম্পন্ন করা সম্ভব হতো না।

  
অসীমা রেজ